

ডিএফআইএম সার্কুলার নং-১০

তারিখঃ ০৩ অক্টোবর ২০২১

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের “অন্যান্য সম্পদ” এর শ্রেণিকরণ এবং সংস্থান সংরক্ষণ প্রসঙ্গে।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের সকল অসমন্বিত অগ্রিম দফা, অসমন্বিত অগ্রিম আইনী খরচ, তছরূপকৃত অর্থ/প্রোটেক্টেড বিল এবং অন্যান্য ব্যয়/ক্ষতিবাচক দফা প্রকৃতপক্ষে সম্পদ না হওয়া সত্ত্বেও “অন্যান্য সম্পদ” হিসাবে প্রদর্শিত হয়। নিম্নে “অন্যান্য সম্পদ” এর শ্রেণিকরণ এবং সংস্থান সংরক্ষণের বিষয়ে নির্দেশনা দেয়া যাচ্ছে :

ক. অসমন্বিত অগ্রিম দফাসমূহ : অগ্রিম প্রদত্ত বেতন-ভাতা, ভ্রমণ ব্যয়, আপ্যায়ন ব্যয়, বিজ্ঞাপন ব্যয়, ব্যবসায় উন্নয়ন ব্যয় প্রভৃতি দফাসমূহ ১২ মাস বা অধিক সময় অসমন্বিত অবস্থায় থাকলে তা ‘মন্দ ও ক্ষতি’ মানে শ্রেণিকরণপূর্বক এ ধরনের দফাসমূহের বিপরীতে ১০০% সংস্থান সংরক্ষণ করতে হবে।

খ. অসমন্বিত অগ্রিম আইনী খরচ : যে কোন অনিষ্পন্ন আইনী ব্যবস্থায় অনিশ্চয়তা বিদ্যমান থাকায় এ সংশ্লিষ্ট অসমন্বিত আইনী ব্যয় ‘সন্দেহজনক’ মানে শ্রেণিকৃত হবে এবং এসব ব্যয়ের বিপরীতে ৫০% সংস্থান সংরক্ষণ করতে হবে। কোন নিষ্পন্ন আইনী ব্যবস্থার বিপরীতে অসমন্বিত ব্যয় থাকলে সেগুলোকে ‘মন্দ ও ক্ষতি’ মানে শ্রেণিকরণ করে এসব ব্যয়ের বিপরীতে ১০০% সংস্থান সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

গ. তছরূপকৃত অর্থ/প্রোটেক্টেড বিল : জাল-জালিয়াতি, সংঘটিত ডাকাতি, অর্থ আত্মসাৎ, তহবিল তছরূপ প্রভৃতি তাৎক্ষণিকভাবে হিসাবায়নের জন্য এ ধরনের খাত/সম্পদ সৃষ্টি করা হয়। গুণগত মাপকাঠির ভিত্তিতে বিচার-বিশ্লেষণপূর্বক প্রোটেক্টেড বিল হতে আদায়ের সম্ভাবনা থাকলে তা ‘সন্দেহজনক’ মানে শ্রেণিকরণ করে এর বিপরীতে ৫০% সংস্থান সংরক্ষণ করতে হবে। তবে, প্রোটেক্টেড বিল হতে অর্থ আদায়ের কোন সম্ভাবনা না থাকলে তা ‘মন্দ ও ক্ষতি’ মানে শ্রেণিকরণ করে এর বিপরীতে ১০০% সংস্থান সংরক্ষণ করতে হবে।

ঘ. অন্যান্য ব্যয়/ক্ষতিবাচক দফা : “অন্যান্য সম্পদ” হিসেবে প্রদর্শিত অন্যান্য ব্যয়/ক্ষতিবাচক দফাসমূহকে ‘মন্দ ও ক্ষতি’ মানে শ্রেণিকরণ করে এর বিপরীতে ১০০% সংস্থান সংরক্ষণ করতে হবে।

উপরিউক্ত নির্দেশনার আলোকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে অর্থাৎ ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর ভিত্তি তারিখে “অন্যান্য সম্পদ”-এর শ্রেণিকরণ এবং সংস্থান সংরক্ষণ করবে। তদসঙ্গে, নির্ধারিত ত্রৈমাসিক সমাপনান্তে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংযুক্ত টেমপ্লেট অনুযায়ী এ সংক্রান্ত বিবরণী বাংলাদেশ ব্যাংকের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগে প্রেরণের পাশাপাশি বাংলাদেশ ব্যাংকের Enterprise Data Warehouse (EDW)-এ আপলোড করবে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের বার্ষিক আর্থিক বিবরণীতে “অন্যান্য সম্পদ”-এর শ্রেণিকরণ এবং সংস্থান-এর বিশদ প্রতিফলন নিশ্চিত করবে।

উল্লিখিত নির্দেশনাসমূহ সেপ্টেম্বর ২০২১ ত্রৈমাসিক হতে কার্যকর হবে।

এ সার্কুলারের মাধ্যমে ০৩ আগস্ট ২০০২ তারিখের এফআইডি সার্কুলার নং-০৮ এর অনুচ্ছেদ-৫.৫ এ বর্ণিত নির্দেশনাসমূহ এবং ২০ আগস্ট ২০০৬ তারিখের এফআইডি সার্কুলার নং-০৬ সংযুক্ত “অন্যান্য সম্পদ” এর টেমপ্লেটটি (FICL-5) প্রতিস্থাপন করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

সংযোজনীঃ ০১ (এক)

আপনাদের বিশ্বস্ত;



(মোঃ জুলকার নায়েন)

মহাব্যবস্থাপক

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

ফোন- ৯৫৩০১৭৮

